

# হাসতে মানা

আহমেদ সাবের

আমরা সবাই রামগরুড়ের পোষ মানানো বাধ্য ছাণা।  
হুতোম পঁ্যাচা দিব্যি দিলো, তাই আমাদের হাসতে মানা।

দুঃখ যেন জীবন মরণ, ঘাড়ের উপর দৈত্য দানা;  
দুখের সুতোয় পঁ্যাচাই জীবন, হাসি মোদের নিত্য না না।  
যতই মাতি কাজের ঘোরে, ঠিক গভীরে নাড়ছে কাঠি,  
দুঃখ বোধের সুড়সুড়িটা পঁয়াজ রসের ভরা বাটি,  
নাকের নীচে ধরছে ঠেসে, বলছে যেন বগুঁ ছাণা,  
দিলেম তোদের দিব্যি দিলেম, হাসার মাঠে দিসনে হাণা।

কোথায় কোথায় দুঃখ আছে জীবন ভরে নিত্য খুঁজি।  
দুঃখটাকে মিত্র বানাই, দুঃখবোধেই শান্তি বুঝি,  
দুখের মাঝে জীবন ধারণ, দুখের বুকে হচ্ছে মরণ।  
দুখের মালা গলায় পরে দুখকে করি নিত্য সুরণ।  
এক দুখকে ভেঙ্গে বানাই হরেক রঙের দুঃখ নাণা।  
খুঁত ধরে যাই যথা তথা, করি সুখের জীবন কাণা।

স্রষ্টার ঐ সৃষ্টিটাতো নয়রে ওরে খুঁতটি বিহীন।  
খুঁতের পিছে লেগে লেগে করিসনা তোর জীবন শ্রীহীন।  
কালোর পাছেই মিলবে সাদা, খুঁজরে যা পাস সত্যি ভালো।  
হঠাৎ পাওয়ার আনন্দেতে উঠবে জ্বলে ঝলকে আলো।  
কালোর দেয়াল ভেঙ্গে দিয়ে জীবন ভরে হাসি আণা।  
খুঁত ধরাটা ছাড়লে পরে মিলবে হাসির নজরাণা।